



বাংলাদেশ দূতাবাস, মাদ্রিদ
Embassy of Bangladesh
Embajada de Bangladesh
Madrid

স্পেন প্রবাসীদের বাংলাদেশে রেমিটেন্স প্রেরণের স্বীকৃতি স্বরূপ আন্তর্জাতিক অভিবাসী দিবস পদক প্রদানের বিজ্ঞপ্তি

স্মারক নংঃ ১৯.০১.৩৪০১.০০৫.২৩.০১৩.১৫-৫৮

তারিখঃ ১৭/১১/২০২২

স্পেন প্রবাসী বাংলাদেশি নাগরিকগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ দূতাবাস, মাদ্রিদ, স্পেন এর উদ্যোগে স্পেনে বসবাসরত প্রবাসী বাংলাদেশি নাগরিকদের (ব্যক্তি ও প্রাতিষ্ঠানিক পর্যায়ে) বৈধ পথে রেমিটেন্স প্রেরণের মাধ্যমে বাংলাদেশের অর্থনীতিতে অবদান রাখার স্বীকৃতিস্বরূপ (জানুয়ারি ২০২১ থেকে অক্টোবর ২০২২ পর্যন্ত) আন্তর্জাতিক অভিবাসী দিবস পদক-২০২২ প্রদান করা হবে। পুরস্কারের বিস্তারিত নিম্নরূপঃ

ক) ব্যক্তি পর্যায়ে পুরস্কার: বৈধভাবে রেমিটেন্স প্রেরণকারী প্রবাসী বাংলাদেশি পুরুষ-৩ জন ও নারী-২ জন।

খ) প্রাতিষ্ঠানিক পর্যায়ে পুরস্কার: প্রবাসী বাংলাদেশি নারী/পুরুষ মালিকানাধীন বৈধভাবে রেমিটেন্স প্রেরণকারী প্রতিষ্ঠান-২টি।

এই পুরস্কার প্রাপ্তির লক্ষ্যে আগ্রহী স্পেন প্রবাসী বাংলাদেশি নাগরিকগণকে আগামী ২ ডিসেম্বর, ২০২২ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে (সকাল ০৯.৩০ টা হতে বিকাল ০৫.৩০ টা পর্যন্ত) দূতাবাসের শ্রম উইং-এ সরাসরি, দূতাবাসে ডাকযোগে বা সকল সংযুক্ত কাগজপত্র সহ পূরনকৃত আবেদনপত্র ই-মেইলে (fslwmadrid@gmail.com) জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

আবেদন ফরম ও এ সংক্রান্ত নীতিমালা দূতাবাসের ওয়েবসাইট, (www.bangladeshembassy.es, ফেসবুক পেজ (Bangladesh Embassy, Madrid) এবং দূতাবাসের শ্রম উইং থেকে সংগ্রহ করা যাবে। আগ্রহী সকলকে আবেদন প্রদানের জন্য অনুরোধ করা যাচ্ছে।


২৭.১১.২২

বাংলাদেশ দূতাবাস, মাদ্রিদ, স্পেন।

